



বিজ্ঞানমনস্ক জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nmst.gov.bd



নং- ৩৯.০৩.০০০০.০০৫.৯৯.১৬১.২০১৮- ৩০

তারিখঃ ১৫/৭/২০২১ খ্রিস্টাব্দ

২য় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব মোমিত হাসান, সহকারী কিউরেটর পদে গত ১২/৯/২০১৮ খ্রিঃ তারিখ থেকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে কর্মরত আছেন;

যেহেতু, গত ৩/৩/২০২১ খ্রিঃ তারিখের ৩৯.০৩.০০০০.০০৫.০৫.০০২.২০-৪২২৯ নম্বর স্মারকমূলে আপনি প্রধান ডিসপ্লে কর্মকর্তার দপ্তরে সংযুক্ত আছেন;

যেহেতু, এ সংস্থার ডিজিটাল হাজিরা মেশিনের ফিচার রেকর্ড প্রিন্ট যাচাই করে দেখা যায়, আপনি গত ৬/৬/২০২১ খ্রিঃ তারিখ থেকে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, মন্ত্রিপরিষদ বিভাগের ১৬/৬/২০২১ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০-১৮৪ নম্বর আদেশ মোতাবেক জারিকৃত আদেশের (খ) অনুচ্ছেদ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে অফিসে উপস্থিত থাকার নির্দেশনা সত্ত্বেও আপনি উক্ত নির্দেশনা অমান্য করে সরকারী কর্তব্য পালন থেকে বিরত ছিলেন;

যেহেতু, বিনা অনুমতিতে নিজ কর্মস্থলে ক্রমাগত অনুপস্থিতির জন্য আপনাকে ৩০/৬/২০২১ তারিখের ৩৯.০৩.০০০০.০০৫.৯৯.১৬১.২০১৮-৪৯০৫ নং স্মারকমূলে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;


যেহেতু, গত ১/৭/২০২১ খ্রিঃ তারিখে আপনি উক্ত কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব দাখিল করেছেন;

যেহেতু, আপনার দাখিলকৃত জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি;

যেহেতু, আপনার এরূপ আচরণ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ধারা ৩৬ এর ২ (খ) মোতাবেক চাকুরি শৃংখলা পরিপন্থি এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এর ধারা ৩৭ এর (খ) মোতাবেক আপনি অসদাচরণের দায়ে দোষী;

সেহেতু, আপনার বিরুদ্ধে কেন বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না, এ পত্র প্রাপ্তির ৭ (সাত) টি কার্যদিবসের মধ্যে তার লিখিত জবাব দাখিলের জন্য আপনাকে নির্দেশ দেয়া হলে। নির্ধারিত সময়ের মধ্যে আপনার কোন জবাব পাওয়া না গেলে বর্ণিত বিষয়ে আপনার কোন বক্তব্য নেই বলে ধরে নেয়া হবে। উল্লেখ্য, এ প্রেক্ষিতে আপনি ব্যক্তিগত শুনানী চান কিনা, এ সংক্রান্ত মতামতও উপস্থাপন করবেন।

মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে,



(এ. কে. এম. লুৎফুর রহমান সিদ্দীক)
সিনিয়র কিউরেটর

ও

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

জনাব মোমিত হাসান
সহকারী কিউরেটর
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

১. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. পরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

২. উপপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

৩. কিউরেটর (সকল), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

৪. প্রধান ডিসপ্লে কর্মকর্তা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

৬. সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৮. অফিস কপি।